

ইয়াবা ব্যবসার অভিযোগের জেরে  
**টাবিতে সেই ছাত্রীকে অপদস্ত  
করলেন ছাত্রলীগ নেত্রী**

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (টাবি) শাসনসূত্রের হলে, ইয়াবা ব্যবসার অভিযোগকারী সেই ছাত্রীকে রূপ থেকে টেনেছিচড়ে বাইরে এনে অপদস্ত করেছেন ছাত্রলীগের এক নেত্রী। মঙ্গলবার বিকালের দিকে বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদে এ ঘটনা ঘটে। ঘটনার সময় উপস্থিত শিক্ষকরা বিষয়টি সমাধান করতে চাইলে তাদের সঙ্গে বাকবিতণ্ডায় ভড়িয়ে পড়েন ছাত্রলীগের ওই নেত্রী নিশীতা ইকবাল নদী ও তার সহযোগীরা।

এর আগে ২৯ জানুয়ারি ওই ছাত্রী শাসনসূত্রের হল শাখা ছাত্রলীগের সভাপতি নদীর বিরুদ্ধে ইয়াবা ব্যবসার অভিযোগ আনেন। এরপর থেকেই তাকে বিভিন্ন সময় ফেসবুক ফোনে হুমকি দেয়া, হাঙ্কিল বলে-অভিযোগ করেন তিনি। পরে নিরাপত্তা চেয়ে ধরেন নদী। তিনি বিশ্ববিদ্যালয়ের ডিসি ও প্রক্টরের সঙ্গে দেখা করেন বলে জানান।

প্রত্যক্ষদর্শীরা জানান, বিভাগে জুনিয়রদের ধারণ অনুষ্ঠান ছিল মঙ্গলবার। বিকাল ৩টার দিকে পোনালী তার বন্ধুদের নিয়ে শ্রেণীকক্ষে বসেছিলেন। এমন সময় নদী ও তার বন্ধু অনি এসে তাকে ধরে টেনেছিচড়ে রাসের বাইরে নিয়ে যায়। এ সময় ভুক্তভোগী ছাত্রীর বন্ধুরা এসে তাকে বাঁধা দেন এবং সিনিয়র শিক্ষার্থীরাও বিষয়টির প্রতিবাদ করেন। বিভাগের শিক্ষকরা বিষয়টির সমাধান করতে চাইলে শিক্ষকদের সঙ্গে উত্তম বাক্যবিনিময় করেন নদী ও তার সহযোগীরা। ঘটনাস্থলে বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রক্টর অধ্যাপক ড. এম আমজাদ আলী এসে নদীকে নিবৃত্ত করেন। এ সময় তিনি ঘটনার সমাধান না হওয়া পর্যন্ত ওই ছাত্রীকে চারুকলায় আনতে নিষেধ করেন। এদিকে এক সপ্তাহ সময় বেঁধে দেয়া থাকলেও এ ঘটনায় গঠিত তদন্ত কমিটির প্রতিবেদন এখনও প্রকাশ করেনি বিশ্ববিদ্যালয় প্রশাসন। ঘটনার ব্যাপারে কথা বলতে নদীর সঙ্গে যোগাযোগের চেষ্টা করা হলে তার নোবাইল ফোনটি বন্ধ পাওয়া যায়। বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রক্টর অধ্যাপক ড. এম আমজাদ আলীও নোবাইল ফোন রিসিভ করেননি।